Department of Education

চ্যান্সেলরের প্রবিধান

ক্যাটেগরি:	**শিক্ষার্থী**	ইস্যুর তারিখ: ৭/২৯/১১	নম্বর:	**A-831**
বিষয়:	এক শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীকে যৌন হয়রানি		পৃষ্ঠা:	১ এর ১

পরিবর্তনের সার-সংক্ষেপ

এই প্রবিধান ৯ ডিসেম্বর, ২০০৮ তারিখের চ্যান্সেলরের প্রবিধান A-831 –কে রদ করে এবং স্থলাভিষিক্ত হয়।

এই প্রবিধান স্কুল লেভেলে সতীর্থ শিক্ষার্থীদের যৌন হয়রানি সম্পর্কিত অভিযোগ দায়ের, তদন্ত, এবং তার সমাধান প্রক্রিয়া প্রতিষ্ঠিত করে।

পরিবর্তনসমূহ:

- স্কুল সম্পত্তির মধ্যে থেকে স্কুলে, স্কুল চলাকালে, স্কুল শুরু হবার আগে ও পরে, স্কুল আয়োজিত অনুষ্ঠানে অথবা ডিপার্টমেন্ট অব এডুকেশনের অর্থায়নকৃত স্কুল-পরিবহনে যাতায়াতকালে এবং স্কুল সম্পত্তির বাইরে অন্য কোন স্থানে একজন শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীকে যৌন হয়রানি করা, যা ভুক্তভোগীর শিক্ষা প্রক্রিয়াকে ক্ষতিগ্রস্ত অথবা তা স্বাস্থ্য, সুরক্ষা, নৈতিকতাবোধ অথবা স্কুল কম্যুনিটির কল্যাণ বিপন্ন করতে পারে, নিষিদ্ধ। (p. 1)

- একজন শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীকে যৌন হয়রানির ধরন বিভিন্ন হতে পারে যেমন শারীরিক, মৌখিক অথবা লিখিত। এখানে বলা হয়েছে ইলেকট্রনিক মাধ্যমে প্রেরিত কর্মকাণ্ড লিখিত হয়রানির অন্তর্ভুক্ত । (p.1, সেকশন 1(B))

- যৌন হয়রানির আচরণের উদাহরণগুলোর মধ্যে আছে কাউকে চুপিসারে অনুসরণ করা, ডেটিং-এর অপব্যবহার এবং যৌনতা সম্পৃক্ত অথবা যৌন ইঙ্গিতপূর্ণ কোন জিনিস, ছবি, ড্রয়িং অথবা প্রতিচ্ছবি ইলেকট্রনিক মাধমে পোস্টিং দেয়া, প্রদর্শন করা অথবা বিতরণ। (p. 1, সেকশন 1(C)

- একজন শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীকে যৌন হয়রানির অভিযোগ নিরপেক্ষ শিক্ষার্থীগণ নির্ধারিত কর্মী সদস্য অথবা অন্য কোন কর্মচারীর কাছে রিপোর্ট করতে পারে এবং এই প্রবিধানের প্রক্রিয়া অনুযায়ী এসব অভিযোগের রিপোর্টের উপর ব্যবস্থা গ্রহণ করা হবে। (p.2, সেকশন II (B))

- সতীর্থ শিক্ষার্থীদের যৌন হয়রানির অভিযোগ পিতামাতাগণ প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অথবা ইমেইলে RespectforAll@schools.nyc.gov. ঠিকানায় রিপোর্ট করতে পারেন। এই প্রবিধানের প্রক্রিয়া অনুযায়ী এসব অভিযোগের রিপোর্টের উপর ব্যবস্থা গ্রহণ করা হবে। (p. 2, সেকশন II (E))

- যৌন হয়রানির অভিযোগ অবশ্যই ২৪ ঘন্টার মধ্যে ওওআরএস-এ এন্টার করতে হবে। (p. 2, সেকশন III (A))

- প্রত্যেক প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই নিশ্চিত করবেন, প্রতি বছর ৩১ অক্টোবরের মধ্যে এই প্রবিধানে ব্যক্ত নীতি এবং প্রক্রিয়াসমূহ শিক্ষার্থী এবং কর্মী সদস্যদের সাথে আলোচনা করা হবে। (p. 4, সেকশন V (C))

- প্রত্যেক প্রিন্সিপ্যাল ৩১ অক্টোবরের মধ্যে অবশ্যই নিম্নোল্লিখিত তথ্য তার বার্ষিক কনসলিডেটেড স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট & প্ল্যানে দাখিল করবেন: (১) সতীর্থ শিক্ষার্থীদের যৌন হয়রানির রিপোর্ট যে নির্ধারিত কর্মী সদস্য(গণ) গ্রহণ করবেন তার (তাদের)নাম; এবং (২)এই প্রবিধানে ব্যক্ত নীতি এবং প্রক্রিয়াগুলো শিক্ষার্থী এবং কর্মীদের সাথে আলোচনা করা হয়েছে তার সার্টিফিকেশন। (p. 4, সেকশন VI)

- ডেটিং-এর অপব্যবহারকে নিষিদ্ধ আচরণের উদাহরণ হিশেবে অন্তর্ভুক্ত করতে যৌন হয়রানি সম্পর্কিত প্রচারপত্র (সংযুক্তি নম্বর ৩) সংশোধন করা হয়েছে।

- প্রবিধানের সাথে সমন্বয় রেখে, সংযুক্তি নম্বর ২ ব্যক্ত করে যে স্কুলে সতীর্থ শিক্ষার্থীদের যৌন হয়রানির নিষেধাজ্ঞা স্কুল চত্বরের বাইরে সংঘটিত হয়রানি পর্যন্ত সম্প্রসারিত।